# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৭৫২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭৫৩]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ৫৪: বিতরের সালাত শেষে তাসবীহ পাঠ করা এবং হাদীস বর্ণনায় সুফইয়ান-এর ওপর মতানৈক্য

باب التَّسْبِيحِ بَعْدَ الْفَرَاغِ مِنَ الْوِتْرِ وَذِكْرِ الاِخْتِلاَفِ عَلَى سُفْيَانَ فِيهِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ بْنِ إِبْرَاهِيمَ، عَنْ أَبِي نُعَيْمٍ، عَنْ سُفْيَانَ، عَنْ زُبَيْدٍ، عَنْ ذَرٍّ، عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى، عَنْ أَبِيهِ، قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُوتِرُ بِ سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى و يَا أَيُّهَا الْكَافِرُونَ و هُوَ اللَّهُ أَحَدٌ فَإِذَا أَرَادَ أَنْ يَنْصَرِفَ، قَالَ: سُبْحَانَ الْمَلِكِ الْقُدُّوسِ ثَلَاثًا يَرْفَعُ بِهَا صَوْتَهُ، قَالَ أَبُو عَبْد الرَّحْمَن: أَبُو نُعَيْمٍ أَثْبَتُ عِنْدَنَا مِنْ مُحَمَّدِ بْنِ عُبَيْدٍ وَمِنْ قَاسِمِ بْنِ يَزِيدَ، وَأَثْبَتُ أَصْحَابِ سُفْيَانَ عِنْدَنَا وَاللَّهُ أَعْلَمُ يَحْيَى بْنُ سَعِيدٍ الْقَطَّانُ، ثُمَّ عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، ثُمَّ وَكِيعُ بْنُ الْجَرَّاحِ، ثُمَّ عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، ثُمَّ أَبُو نُعَيْمٍ، ثُمَّ الْأَسْوَدُ فِي هَذَا الْحَدِيثِ، وَرَوَاهُ جَرِيرُ بْنُ حَازِمٍ، عَنْ زُبَيْدٍ، فَقَالَ: يَمُدُّ صَوْتَهُ فِي الثَّالِثَةِ وَيَرْفَعُ.

تخريج دارالدعوه: انظر حديث رقم: ١٧٣٢ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1753 ـ صحيح

বাংলা

১৭৫২. মুহাম্মাদ ইবনু ইসমা’ঈল ইবনু ইব্রাহীম (রহ.) ... ‘আবদুর রহমান ইবনু আবযা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ (সা.)- “সাব্বিহিসমা রব্বিকাল আ'লা-”, “কুল ইয়া- আইয়ুহাল কাফিরূন” এবং “কুল হুওয়াল্ল-হু আহাদ” দ্বারা বিতরের সালাত আদায় করতেন। যখন (সালাম ফিরানোর পর) ফিরে যাওয়ার মনস্থ করতেন, তখন তিনবার উচ্চৈঃস্বরে “সুবহা-নাল মালিকিল কুদ্দুস” বলতেন।

আবূ আবদুর রহমান (নাসায়ী) বলেন: আমাদের মতে মুহাম্মাদ ইবনু উবায়দ এবং কাসিম ইবনু ইয়াযীদ অপেক্ষা আবূ নু'আয়ম অধিক শক্তিশালী। আর সুফইয়ান-এর সাগরিদদের মাঝে অধিক শক্তিশালী হলেন ইয়াহইয়া ইবনু

সাঈদ আল কত্ত্বান। এরপর ‘আবদুল্লাহ ইবনুল মুবারক, এরপর ওয়াক্কী ইবনুল জাররাহ, এরপর ‘আবদুর রহমান ইবনু মাহদী, এরপর আবূ নু'আয়ম, এরপর আসওয়াদ। হাদীসটি জারীর ইবনু হাযিম যুবায়দ হতে বর্ণনা করেছেন। তিনি বলেছেন, তৃতীয়বারে আওয়াজ দীর্ঘ করতেন।

## English

The Tasbih after finishing witr and the variance reported from Sufyan about that

It was narrated from Ibn Abdur-Rahman bin Abza that his father said: The Messenger of Allah (ﷺ) used to recite in witr: Glorify the Name of Your Lord, the Most High;' and Say: O you disbelievers!'; and 'Say: He is Allah, (the) One. And after he had said the salam, he would say: Subhanal-Malikil-Quddus (Glory be to the Sovereign, the Most Holy) three times, raising his voice with it.

### ফুটনোট

সহীহ: নাসায়ী’র “আমালুল ইয়াওমি ওয়াল লায়লাতা” ৭৩৭। [দ্রঃ ১৭৩২]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবযা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90248

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন